ভোরের কাগজ

তারিখ ... 3.1.DE.. 1998 ...
পৃষ্ঠা ... কলাম ...

# কাঠালিয়ার মাদ্রাসা শিক্ষকদের সনদপত্র হাজিরা খাতা তলব

**ঝালকাঠি থেকে সংবাদদাতা :** জেলার কাঠালিয়া থানার সকল মাদ্রাসার শিক্ষক-কর্মচারীর মূল সনদপত্র, বেতন-ভাতার সরকারি অংশ ওঠানোর ব্যাংক চেক বই এবং শিক্ষক-কর্মচারীদের হাজিরা খাতা থানা নির্বাহী অফিসার তলব করেছেন। তলবি কাগজপত্র পরীক্ষা-নিরিক্ষা করা হচ্ছে।

থানা নির্বাহী কর্মকর্তা জানান, কয়েকটি মাদ্রাসায় ভুয়া শিক্ষক-কর্মচারী, বিভিন্ন মাদ্রাসার সুপার কর্তৃক তার অধীনস্থ কর্মচারীর চেক বই আটকে রেখে বেতন কাটা ও দুটি হাজিরা খাতা ব্যবহার করা ইত্যাদি অভিযোগের প্রেক্ষিতে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। গত ১০ ডিসেম্বর থেকে এই তলবিকাজ শুরু হয়েছে। থানায় মোট ২৬টি মাদ্রাসা রয়েছে।